



স্মারক নং-ইআবি/একা/কা.ভর্তি/২০১৭/ ৩২৮০

তারিখঃ ১০ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

**২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তির সময় বৃদ্ধি
সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্মারক নং- ইআবি/একা/কা.ভর্তি/২০১৭/২৯৭১, তারিখ ০৩/০৫/২০১৭ ইং দ্বারা প্রকাশিত ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তির তারিখ অনিবার্য কারণ বশতঃ নিম্নরূপে বৃদ্ধি করা হলঃ

১। কামিল মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী :

ক) বিলম্ব ফি' ছাড়া ভর্তি ১১/০৭/২০১৭ ইং তারিখ হতে ২০/০৭/২০১৭ ইং তারিখ পর্যন্ত।

খ) বিলম্ব ফি' ছাড়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' (ব্যাংক অনলাইনে/টি.টি.-এর মাধ্যমে) জমা দেওয়ার শেষ তারিখ ২৩/০৭/২০১৭ ইং।

গ) বিলম্ব ফি' সহ ভর্তি ২৩/০৭/২০১৭ ইং তারিখ হতে ০১/০৮/২০১৭ ইং তারিখ পর্যন্ত।

ঘ) বিলম্ব ফি' সহ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের আদায়কৃত ফি' (ব্যাংক অনলাইনে / টি.টি.- এর মাধ্যমে) জমা দেওয়ার শেষ তারিখ ০২/০৮/২০১৭ ইং তারিখ।

২। ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্লাস ০৭/০৮/২০১৭ ইং তারিখ থেকে শুরু হবে।


৩। অনলাইন ব্যাংকিং / টি.টি- এর মাধ্যমে ফি' জমার রশিদ ও eSIF লিস্ট সহ আনুষঙ্গিক কাগজপত্র জমা দেয়া সংক্রান্ত তথ্য:

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ছাত্র-ছাত্রী ভর্তির পর ০৩/০৮/২০১৭ ইং থেকে ০৫/০৯/২০১৭ ইং পর্যন্ত তারিখের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে রেজিস্ট্রেশন সম্পন্নের পরবর্তী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনলাইন ব্যাংকিং / টি.টি- এর মাধ্যমে ফি' জমার মূল রশিদ ও ২ কপি eSIF লিস্টসহ আনুষঙ্গিক কাগজপত্র সরাসরি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বছিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

৪। উল্লেখ্য, স্মারক নং- ইআবি/একা/কা.ভর্তি/২০১৭/২৯৭১, তারিখ ০৩/০৫/২০১৭ ইং এর ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত তথ্যসমূহ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.iau.edu.bd এ পাওয়া যাবে।

- উল্লেখ্য নির্ধারিত তারিখের পর কোন শিক্ষার্থীর অনলাইন রেজিস্ট্রেশনের সুযোগ প্রদান করা হবে না।
- কোন অবস্থাতেই ঝাপসা বা অন্য কোন ছবি দেয়া যাবে না।
- **Final Submit** একবার করার পরে কোন অবস্থাতেই **Lock** খুলে দেয়া হবে না।


২০/৭/২০১৭
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়